

বিভাগ (নং):	ক্র.সং:	খ.সং:	তারিখ:	প্রকার:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১১/১১/১৯
২৬/১১/১৯
উন্নয়নের গণতন্ত্র
শেখ-হাসিনার-মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.২৫.০০১.১৬-১৩২৭


তারিখঃ ১৪ অগ্রহায়ন ১৪২৪
২৮ নভেম্বর ২০১৭

প্রজ্ঞাপন

জনাব মোহাম্মদ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরগুনা জেলা, বরগুনা-কে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)বি(২) বিধি মোতাবেক ধর্মীয়/দর্শনীয় স্থান পরিদর্শন/জিয়ারতের উদ্দেশ্যে ভারত গমন ও অবস্থানের জন্য ৩০/১১/২০১৭ তারিখ হতে ১৪/১২/২০১৭ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫(পনের) দিন নিম্নবর্ণিত শর্তে বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুর করা হলঃ

শর্তাবলীঃ

- (ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (খ) তিনি মঞ্জুরীকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (গ) এই বহিঃ বাংলাদেশ ছুটি তাঁর অর্জিত ছুটি হতে কর্তন করা হবে।
- (ঘ) তিনি যে তারিখে ভ্রমণ করবেন সে তারিখ হতে ছুটি কার্যকর হবে (অন্য কোন আদেশ জারী না হলে এই ছুটি মঞ্জুরের তারিখ হতে ৩৫ দিনের মধ্যে ভ্রমণ করতে হবে)।
- (ঙ) তিনি বিদেশে অবস্থানকালীন সময়ের বেতন ভাতা বাবদ কোন বৈদেশিক মুদ্রা দাবী করতে পারবেন না।



শাহানারা খাতুন
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.২৫.০০১.১৬-১৩২৭/১(৯)

তারিখঃ ১৪ অগ্রহায়ন ১৪২৪
২৮ নভেম্বর ২০১৭

সদয় অরগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা/পূর্ত/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৫। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ।]
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ মোড়, ঢাকা।
- ০৯। জনাব,


শাহানারা খাতুন
উপ-সচিব


স্বঃপূঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.০৮.১২৪ (অংশ-১৪).১৬-২২৬৮(২৫) তারিখঃ ০৬/১২/২০১৭খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা/পূর্ত/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল সার্কেল, বরিশাল।
- ৩। জনাব মোহাম্মদ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরগুনা জেলা, বরগুনা। বহিঃ বাংলাদেশ ছুটি ভোগের উদ্দেশ্যে রওনা হওয়ার পূর্বে আপনার উপর অর্পিত বরগুনা জেলার নির্বাহী প্রকৌশলীর দায়িত্বভার জনাব সরদার শামসুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী বিভাগ, পটুয়াখালী এর নিকট হস্তান্তর এবং উক্ত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উল্লিখিত দায়িত্বভার পুনরায় গ্রহণ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। জনাব সরদার শামসুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী বিভাগ, পটুয়াখালী। নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে বরগুনা জেলার নির্বাহী প্রকৌশলীর দায়িত্বভার জনাব মোহাম্মদ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) এর নিকট হতে বহিঃ বাংলাদেশ ছুটি ভোগের উদ্দেশ্যে রওনা হওয়ার পূর্বে গ্রহণ এবং উক্ত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উল্লিখিত দায়িত্বভার পুনরায় হস্তান্তর করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী/ বরগুনা বিভাগ/জেলা।
- ৬। প্রোগ্রামার, এম,আই,এস, ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী/ বরগুনা।
- ৮। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি/সংস্থাপন শাখা, অত্র কার্যালয়, ঢাকা।


(মোঃ রশিদুল হক)
প্রধান প্রকৌশলী
০৬/১২/১৭